



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
তারিখ : ২২/১২/২০২২ খ্রি.।
সময় : সকাল ১০:০০ টা।
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।


সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা) কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) বিআরডিবি'র ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর লক্ষ্যমাত্রা অনুসারে ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি প্রতিটি সূচকের অগ্রগতি সভায় পাঠ করে শুনান। প্রতি কোয়ার্টারের সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় জানান। অতঃপর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর মন্তব্য এবং ২য় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় বিষয়ে সভায় উপস্থিত সকলে মতামত জানানোর জন্য আহ্বান করেন। সভায় NIS এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ সদর কার্যালয়/জেলাদপ্তরসমূহের NIS বাস্তবায়ন সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

সিদ্ধান্ত:

১. নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ মাসের ১ম সপ্তাহে সম্পন্ন করতে হবে;
২. প্রতি কোয়ার্টারের শেষ মাসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে;
৩. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন ও প্রতিটি প্রশিক্ষণে নৈতিকতা সম্পর্কে সেশন পরিচালনা করতে হবে;
৪. এডিপিভুক্ত প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা লক্ষ্যমাত্রায় নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত আয়োজন করতে হবে;
৫. শুদ্ধাচারের প্রতিটি সূচকের প্রমাণক আবশ্যিকভাবে সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
৬. জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল শাখা/জেলা ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হবে তাদেরকে ঘাটতিসহ ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য তাগিদ দিতে হবে;
৭. সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে শতভাগ সততা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে;
৮. শুদ্ধাচার কর্মপরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে;
৯. কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুজ অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে।

১০. মাঠ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিবেদনের আলোকে নিয়মিত ফিডব্যাক সভা আয়োজন করতে হবে;
১১. দুর্নীতি প্রতিরোধকল্পে ঋণ কার্যক্রমের অনলাইন রিপোর্টিং হালনাগাদ করতে হবে;
১২. সদর দপ্তর ও জেলার উপপরিচালকগণকে প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তৎপর থাকতে হবে;
১৩. এসএমই ঋণ বিতরণের স্বচ্ছতা আনয়নে লক্ষ্যমাত্রাভুক্ত বৃহত্তর ফরিদপুর অঞ্চলের উপপরিচালকগণকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্দেশনা দিতে হবে;
১৪. বিআরডিবি সদর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল হাজিরা নিশ্চিত করতে হবে।
- সভায় আর কোন আলোচনার বিষয় উত্থাপিত না হওয়ায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবদুর রশিদ
পরিচালক (প্রশাসন)

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.০৬.০০৩.২২.

তারিখ : ২২/১২/২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপপরিচালক, (সকল জেলা).....জেলা, বিআরডিবি।
- ২। উপপরিচালক,.....বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। জনাব/বেগম.....
- ৫। সংশ্লিষ্ট নথি।


মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)